

নং ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০২৩.২২ ২৪২৪

তারিখ: ০৭/০৭/২৪২২ বঙ্গাব্দ
২৯/০৬/২০২২ খ্রীষ্টাব্দ

বিষয়: ৪৮তম স্যাটেলাইট ট্রেনিং কোর্স অন টিচার্স প্রফেশনাল ডেভেলপমেন্ট-এ প্রশিক্ষার্থী মনোনয়ন ও প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে তাঁকে জানানো যাচ্ছে যে, আগামী ২৮ জ্যৈষ্ঠ ১৪২৯ থেকে ০২ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ/১১ জুন ২০২২ থেকে ১৬ জুন ২০২২ খ্রি. সময়ে (৬দিন ব্যাপী) নায়েম কর্তৃক আয়োজিত ৪৮তম স্যাটেলাইট ট্রেনিং কোর্স অন টিচার্স প্রফেশনাল ডেভেলপমেন্ট শীর্ষক কোর্স নিলফামারী জেলার নিলফামারী সদর, সৈয়দপুর, ডোমার, ডিমলা ও জলঢাকা উপজেলাবীন মোট পাঁচটি ভেন্যুতে একযোগে অনুষ্ঠিত হবে। এজন্য তাঁর আওতাধীন উল্লিখিত উপজেলাগুলো হতে একটি মাধ্যমিক বিদ্যালয়কে (সার্বক্ষণিক বিদ্যুৎ ও মাল্টিমিডিয়া সুবিধাসহ) প্রশিক্ষণ ভেন্যু হিসেবে নির্ধারণ এবং মাধ্যমিক পর্যায়ের সরকারি/এমপিওভুক্ত (মাধ্যমিক, নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদুরাসা) শিক্ষা প্রতিষ্ঠান থেকে অগ্রাধিকার বিবেচনায় সর্বোচ্চ ০২ (দুই) জন করে প্রতিটি ভেন্যুর জন্য মোট ৩০ জন (এমপিও-ভুক্ত/সরকারি) সহকারী শিক্ষককে প্রশিক্ষার্থী হিসেবে মনোনয়ন দানের জন্য অনুরোধ করা হলো। এতদসঙ্গে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি:

১. প্রশিক্ষণ শুরু দিন মনোনীত প্রশিক্ষার্থীগণকে ৮.৩০ টার মধ্যে ভেন্যুতে উপস্থিত হয়ে নিবন্ধন করতে হবে। প্রতিদিন সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত প্রশিক্ষণ চলবে। প্রশিক্ষার্থীগণকে পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, সর্বশেষ এমপিও-এর ফটোকপি এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত ছাড়পত্র সঙ্গে আনতে হবে;
২. প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণকে প্রশিক্ষণ ভেন্যুতে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে;
৩. বেসরকারি প্রতিষ্ঠানের সহকারী শিক্ষকগণকে প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে প্রত্যয়নসহ এ কোর্সে অংশগ্রহণের অনুমতিপত্র সঙ্গে আনতে হবে। যে সকল শিক্ষকগণ এমপিওভুক্ত হননি তাঁরা এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;
৪. মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা-এর স্মারক নম্বর মাউশি প্র/বা-ইউ/৫২৮০ তারিখ: ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ: ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত শিক্ষকগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাঁর প্রতিষ্ঠান থেকে তাৎক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
৫. যে সমস্ত শিক্ষকগণের বয়স ৫৭ বৎসর অতিক্রম করেছে অথবা বিগত ০১ (এক) বছরের মধ্যে এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;
৬. কোনো যৌক্তিক কারণে এ প্রশিক্ষণে অংশগ্রহণে অপারগ হলে তাঁর পরিবর্তে প্রতিষ্ঠানের অন্য শিক্ষককে মনোনয়ন দেয়া যাবে যদি তিনি এ কোর্সটি পূর্বে না করে থাকেন;
৭. প্রশিক্ষণ সম্পর্কিত কোন বিষয়ে জানার প্রয়োজন হলে এ কোর্সের কোর্স সমন্বয়ক জনাব সৈয়দ মোঃ আব্দুল হান্নান, টিচার ট্রেনিং-এর সেল নম্বর: ০১৭১২১৪০৩৬০ ও জনাব রাবেয়া ফেরদৌস, টিচার ট্রেনিং-এর সেল নম্বর: ০১৯১৩৮৬৪৬১২-এ যোগাযোগ করা যেতে পারে;
৮. আমন্ত্রণপত্রটি নায়েম-এর ওয়েবসাইট (www.naem.gov.bd)-এ পাওয়া যাবে।

প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রশিক্ষার্থীগণ নায়েম হতে বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্য হবেন। প্রশিক্ষার্থীগণের তালিকা (নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম বাংলা ও ইংরেজিতে) এবং প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ করে আগামী ১৯ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/০২ জুন ২০২২ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে অবহিতপূর্বক তালিকার সফট কপি (Pdf ও MS-Word format-এ) ttsmahannan.naem@gmail.com এবং trabeya.naem@gmail.com ঠিকানায় প্রেরণ করতে অনুরোধ করা হলো।

প্রাপক
জেলা শিক্ষা কর্মকর্তা
নীলফামারী

(প্রফেসর ড. তাহসিনা আকতার)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম
ফোন: ০২ ৫৫১৬৭৫৩০

নং ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০২৩.২২-২৪২৪(৫৬) তারিখ: ০৭/০৭/২৪২২ বঙ্গাব্দ
২৯/০৬/২০২২ খ্রীষ্টাব্দ

সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠ)তার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা;
- ২-৫। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
- ৬। জেলা প্রশাসক, নীলফামারী;
- ৭। পুলিশ সুপার, নীলফামারী;
- ৮। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, রংপুর অঞ্চল, রংপুর (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ৯। জেলা শিক্ষা কর্মকর্তা, নীলফামারী; (প্রশিক্ষকবৃন্দের আবাসন ও ভেন্যুতে যাতায়াত বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ১১। সহকারী পরিচালক (অর্থ), নায়েম, ঢাকা;
- ১২-১৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, নীলফামারী সদর/সৈয়দপুর/ডোমার/ডিমলা/জলঢাকা (প্রশিক্ষকবৃন্দের আবাসন ও প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ১৭-২১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নীলফামারী সদর/সৈয়দপুর/ডোমার/ডিমলা/জলঢাকা (প্রশিক্ষকবৃন্দের আবাসন ও প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
- ২২। প্রোগ্রামার, নায়েম (আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ২৩। মহাপরিচালক, নায়েম-এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
- ২৪। রূপকল্প শাখা;
- ২৫। অফিস নথি।

(স্বপন কুমার নাথ)
উপ-পরিচালক (গবেষণা ও তথ্যায়ন)

ও
কোর্স পরিচালক
মোবাইল: ০১৭১৫৬৬০৮৩৪